

ইত্তেফাক

**জবি'র সম্পত্তির
 মালিকানা খতিয়ে
 দেখা হচ্ছে**
সাংবাদিকদের শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আবাসিক হলের সম্পত্তির মালিকানা তথ্য উদঘাটনের জন্য জুনি মহলায় ও সিটি কর্পোরেশনকে অনুরোধ জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে রাষ্ট্রীয় এই শিক্ষা প্রতিষ্ঠানের সম্পদ সিরিয়ে নেন্ডার জন্য দফতরকারীদের প্রতি আহ্বান জানানো হয়েছে।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল মঙ্গলবার নিজ মন্ত্রণালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব তথ্য জানান। চলমান সর্বট নিয়ন্ত্রনের বিষয়ে যশী পৃষ্ঠা ২ কলাম ২

জবি'র সম্পত্তির

২০ পৃষ্ঠার পর

বলেন, অনেক পুরাতন শিক্ষাপ্রতিষ্ঠান জগন্নাথ হলেন। এর হলগুলো বিভিন্ন সময়ে বিভিন্ন শ্রেণীর মাধ্যমে দখল হয়ে গেছে। কলেজটিকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার পরও নতুন হল করা সম্ভব হয়নি। একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে আবাসিক হল, অনুঘদ ভবন, গবেষণাগার থাকা জরুরি হলেও এখানে পর্যাপ্ত নেই। এই বিশ্ববিদ্যালয়ের কাছাকাছি জায়গা খোঁজা হচ্ছে। নতুন ভবন করা হবে। আবাসনের ব্যবস্থা থাকবে। জগন্নাথের শিক্ষার্থী অনুপাতে এটি খুবই ছোট ক্যাম্পাস।

এই শিক্ষা প্রতিষ্ঠানের অনেক বছরে পুরনো হলের সম্পত্তির মালিকানা নিয়েও রয়েছে খোঁজাশা। সুযোগ সস্তানী বিভিন্ন মহল দখল করে নিয়েছে রাষ্ট্রীয় এসব সম্পদ। যদিচ্ছার অভাবে শিক্ষার্থীরা বঞ্চিত হয়েছে আবাসন সুবিধা থেকে।

শিক্ষার্থীদের আন্দোলন: বেদখল হওয়া হল উজার ও নতুন হল নির্মাণের দাবিতে গতকাল মঙ্গলবারও বিক্ষোভ কর্ণসূচি পালন করছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আন্দোলনরত শিক্ষার্থীরা। এছাড়া পূর্বেঘোষিত কর্ণসূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে মানববন্ধন করছেন শিক্ষকরা।

গতকাল সকাল ১০টায় শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ডাক্তার চত্বরে চার দফা দাবিতে মানববন্ধন করেন। মানববন্ধন শেষে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছেন।

এসিকে, বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে মানববন্ধন করেছেন শিক্ষকরাও। এর আগে সকাল ৯টায় শিক্ষক সমিতির কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির এক জরুরি বৈঠকে বুধবার শিক্ষকদের সাধারণ সভা আহ্বান করা হয়েছে। সাধারণ সভা থেকে কঠোর কর্ণসূচি দেয়া হবে।